General Certificate of Secondary Education
Higher Tier
June 2013

# Bengali

# 46351HT

## Unit 1 Listening Test Transcript

# H

**Wednesday 15 May 2013 9.00 am to 9.45 am approximately (including reading time)**

| FOR INVIGILATOR'S USE ONLY |
|---|

**Time allowed**
- 40 minutes approximately + 5 minutes reading time before the test

- **The pauses are pre-recorded for this test.**

A

This is what you should do for each item.
- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- Answer **all** questions in **English**.
- You must answer the questions in the spaces provided. Do not write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now*****. **You must not ask questions or interrupt during the test.**
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now.**

| Once the recording has started, the Invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes reading time, are pre-recorded. |
|---|

*****If candidates ask any questions at this point, the Invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

Example F2 শহরে বাসে করে অনেক জায়গায় যাওয়া যায়।

M2 কম দূর হলে বাসে যেতে সুবিধা।

F1 তবে কখনো কখনো বাসের জন্যে অনেক ক্ষণ অপেক্ষা করতে হয়, এটাই অসুবিধা।

1 M2 আজকাল বিমানে অনেক দূর দেশে যাওয়া যায়।

F1 বিমানে কম সময়ে অনেক দূর যাওয়া যায় - এটাই সুবিধা।

F2 বিমানে খুব জায়গা কম, বেশি হাঁটা-চলা করা যায় না, এটাই অসুবিধা।

2 F2 আমার জাহাজে করে কোথাও যেতে খুব ভালো লাগে।

M1 জাহাজে অনেক জায়গা, এখানে সাঁতার কাটারও জায়গা থাকে, এটাই সুবিধা।

F1 জাহাজে করে কোথাও যেতে অনেক সময় লাগে, এটাই অসুবিধা।

Example F2 আজকাল সবাই টেলিভিশন ভালোবাসে। খবর শোনে, গান শোনে, খেলা দেখে, আরও কতো কী! আমার মতে টেলিভিশন অনেক সময় নষ্ট করে, স্কুলের ছেলেমেয়েদের লেখাপড়ার ক্ষতি করে।

3 M2 বাবা-মা যা বলেন আমাদের ভালোর জন্যেই বলেন। আমরা তাঁদের বিশ্বাস করি এবং তাঁদের কথা শুনি।

4 F1 অনেক ছেলেমেয়ে বাবামায়ের কাছ থেকে খুব বেশি হাত খরচের টাকা পায়। এ টাকা দিয়ে ছেলেমেয়েরা অনেক রকম খারাপ অভ্যাস করতে পারে, যেমন ধূমপান।

5 M1 দু রকমের বন্ধু আছে। কোনো কোনো বন্ধু তোমাকে সব দিক দিয়ে সাহায্য করবে। তবে এমন অনেক বন্ধু আছে যারা তোমাকে দিয়ে নানা রকম খারাপ কাজে করাতে পারে।

6 F1 পাঁচটা বড়ো বড়ো আলু নিন। আলুগুলোর ছাল ছাড়িয়ে কুচিকুচি করে কাটুন। দু চামচ হলুদ, এক চামচ মরিচ, এক চামচ লবণ মিশিয়ে আলুগুলোকে ভালো করে মেখে নিন। তারপর বেশি তেল দিয়ে ভেজে নিন। ভাজা আলু চায়ের সাথে খেতে ভালো লাগবে, তবে একটু ঝাল লাগতে পারে।

7 M2 ‘ঝুমুর’ ছোটো ছেলেমেয়েদের এক নতুন মাসিক পত্রিকা। ঈদের সময় পাওয়া যাবে। সহজ বাংলায় লেখা। দাম দুই পাউন্ড।

8 M1 ‘আচ্ছা, সাবিনা, আপনি তো বাংলা ছবির এক নাম-করা নায়িকা। হিন্দী ছবি “মেরি কসম”-এ কিভাবে সুযোগ পেলেন?’

**F2** ‘জানি না, তবে একদিন বোম্বে থেকে টেলিফোন এলো “হারুন শিকদার বলছি, আপনি হিন্দী বলতে পারেন?” বললাম, হ্যাঁ, পারি। কেন? “আপনাকে মেরি কসম ছবিতে অভিনয় করতে হবে।” সুযোগ এসে গেলো।’

9 **F1** আজ সারাদিন মেঘলা থাকবে। তাপমাত্রা বাইশ ডিগ্রি সেলসিয়াস। বিকালে জোরে বাতাস বইবে এবং বৃষ্টি হতে পারে। ছাতা নিয়ে বাইরে যাবেন।

10 **M1** আমাদের রাস্তায় যেসব বেশি বয়সী লোক আছেন, তাঁদের আমি শনি ও রবিবারে সাহায্য করি। আমি তাঁদের বাজার করে দিই, বাগানের ঘাস কেটে দিই।

11 **F2** আমাদের এলাকায় মসজিদে শনি ও রবিবারে বাংলা লিখতে ও পড়তে শেখানো হয়। আমি বাংলায় জিসিএসই পাশ করেছি। আমি ছোটো ছেলেমেয়েদের বাংলা শেখাই।

12 **F1** টেনেরিফ দ্বীপে আমাদের হোটেলটা ছিলো একেবারে সমুদ্রের ধারে। পরের দিন আমরা জাহাজে করে আরেকটা দ্বীপে গিয়েছিলাম। যাওয়ার পথে সমুদ্রের জলে ঝাঁপিয়ে পড়ে সাঁতার কেটেছিলাম।

13 **F2** আরেক দিন আমরা কোচে করে টেনেরিফের পাহাড়ী রাস্তায় চলছি। হঠাৎ আমাদের গাইড ইংরেজিতে বললো, ‘টেনেরিফে পানীয় জল জোগাড় করা খুব কঠিন, কারণ এখানে কোথাও বৃষ্টির জল জমতে পারে না, কোনো পুকুর নেই। পাহাড়ের উপর ঐ যে পাইন গাছের জঙ্গল, ওরাই মেঘ থেকে জল এনে দেয়। পাইন গাছের মাথায় যখন মেঘ ধাক্কা খায় তখন মেঘ জমে জল হয়ে যায়। সেই জল গাছ বেয়ে নামে। পাইন গাছেরাই মেঘ থেকে জল/পানি সংগ্রহ করে।

14 **M2** আজকাল ছেলেমেয়েরা বাড়িতে এবং স্কুলে প্রায় সব সময় ইন্টারনেট ব্যবহার করছে। কিন্তু তাদের অনেকে আবার ইন্টারনেটের দোকানে গিয়েও ইন্টারনেট ব্যবহার করে। এটাতেই আমি একটু চিন্তিত, কারণ এ রকমের দোকানে যে কোনো ওয়েব সাইট তাদের আকর্ষণ করতে পারে। সেখানে তাদের দেখাশোনা করার কেউ থাকে না। তারা অনেক সময় কাটায় ইন্টারনেটে। ফলে তারা খুব বেশি শারীরিক কাজ করে না।

15 **M2** সুলেখা, তোমার কী মত?

**F2** আমার মতে, আজকাল ছেলেমেয়েরা খুব চালাক। দোকানে গিয়ে ইন্টারনেট ব্যবহার করলে তাদের ক্ষতি হবার কোনো কারণ নেই। অনেক ছেলেমেয়ে ইন্টারনেট ব্যবহার করে পরীক্ষার জন্যে পড়াশোনা করে। পুরাতন প্রশ্নপত্র ইত্যাদি ওয়েবসাইট থেকে পাওয়া যেতে পারে।

16 **F1** আমাকে ইস্টারের দিনেও খুব সকালে ঘুম থেকে উঠতে হয়, কারণ বাড়ির কাজে সাহায্য করতে হয়। এ সময়ে মাঝেমাঝে বৃষ্টি হয়। ইস্টারের উৎসবটা কী কারণে হয় আমি জানি না। আমার সব বন্ধুরা ইস্টারের দিনে গীর্জায় যায় না। অনেকে ইস্টারের রবিবার দিনটাকে বেশি প্রাধান্য দেয়।

**Turn over ▶**

17 **F1** ইস্টারের সময় উপহার দেওয়ার বিশেষ চলন নেই। দোকানেও নতুন কাপড় বিক্রির ব্যস্ততা নেই। আমি জানতে চাই, এ সময়ে সকলে সকলকে চকলেটের ডিম উপহার দেয় কেন। অনেকে এ সময়ে ছুটি কাটাতে বিদেশে যায়। ইস্টারের সময় ছোটো ছেলেমেয়েদের কাছে চকলেট দিয়ে বানানো খরগোশ খুব প্রিয়।

18 **M2** আমি স্কুল ছুটির পর ধান খেত দিয়ে বাড়ি ফেরার পথে আমার প্রিয় বন্ধু আলমের জন্যে অপেক্ষা করি। তারপর দুজনে ধান খেতের জলে মাছ ধরি। যা মাছ পাই, তা দুজনে ভাগ করে নিই। তারপর দুজনে ধান খেতের পথ দিয়ে গল্প করতে করতে বাড়ি ফিরি।

19 **M2** যখন ধান কাটার সময় হয়, তখন ছেলেমেয়েরা সাহায্য করতে মাঠে যায়। ছেলেমেয়েরা মাথায় করে ধানের বোঝা বাড়িতে নিয়ে আসে। এই সময় সবাই খুব খুশি।

20 **M2** ধান কাটার সময় হলে আমরা দেখতে পাই, গাছে গাছে কতো ফল – আম, পেয়ারা, কাঁঠাল! পুকুরে কতো মাছ। বাড়িতে ভাত, মাছ, তরিতরকারি, ফল, কতো কিছু। আমাদের খাবারের অভাব নেই।

21 **M2** বর্ষাকালে আমাদের একটু কষ্ট হয়। চারদিকে জল জমে যায়! গরু-বাছুর মাঠে যেতে পারে না। তখন সবাই সবাইকে সাহায্য করে। যাদের নৌকা আছে, তারা প্রতিবেশীদের নৌকা ব্যবহার করতে দেয়। বাড়িতে বেশি খাবার থাকলে প্রতিবেশীদের দেয়। গরু, ছাগলের খাবার আছে কিনা, তা জিজ্ঞাসা করে।

22 **M1** মেহনাজ, জিসিএসই-র কোন বিষয়টা তোমার সবচেয়ে বেশি ভালো লাগে।

**F1** আমার সবচেয়ে ভালো লাগে বাংলা।

**M1** কেন?

**F1** কারণ টীচার আমাদের বাংলা শুনে বুঝতে শেখান। বাংলায় কথা বলতে শেখান। বাংলা পড়তে শেখান। বাংলা লিখতে শেখান। আমরা বাংলা লেসনে বাংলা কবিতা আবৃত্তি করি, বাংলা গান শুনি। স্কুলে বাংলা নাটক করি, আমাদের পরিবারের সবাই দেখতে আসে।

23 **F1** মোহন, তোমার জিসিএসইর কোন বিষয়টা সবচেয়ে প্রিয়।

**M1** আমার সবচেয়ে প্রিয় বিষয় হলো বিজ্ঞান।

**F1** কেন?

**M1** কারণ সবকিছু হাতে কলমে শেখা যায়। ছবি দিয়ে বোঝা যায়। বিজ্ঞান শিখলে ডাক্তার, ইনজিনিয়ার হওয়া যায়। বিজ্ঞান শিখলে অনেক প্রশ্নের উত্তর পাওয়া যায়। যেমন, বেলুন বাতাসে ভাসে কেন? লোহার জাহাজ জলে ভাসে কেন? বিজ্ঞান শিখলে আরও কতো প্রশ্নের উত্তর পাবে!

**END OF TEST**

Copyright © 2013 AQA and its licensors. All rights reserved.